

# আপনার অধিকারের

আইনের অধীনে মিশিগানের জনগনের ন্যায্য ও ন্যায়সঙ্গত আচরণ পাওয়ার অধিকার রক্ষার উদ্দেশ্যে মিশিগান নাগরিক অধিকার বিভাগ (MDCR) প্রতিষ্ঠিত হয়।

MDCR কী এবং কীভাবে তারা আমার নাগরিক অধিকার রক্ষা করে?

মানুষকে বৈষম্যমূলক আচরণ থেকে রক্ষা করতে কতিপয় আইন প্রতিষ্ঠা করা হয়েছে। এলিয়ার্ট-নারসেন নাগরিক অধিকার আইন (ELCRA), প্রতিবন্ধিত্বসম্পন্ন ব্যক্তির নাগরিক অধিকার আইন, ন্যায্য আবাসন আইন, প্রতিবন্ধিত্বসম্পন্ন মার্কিন নাগরিক আইন (ADA) এবং স্টেট ও ফেডারেল আইনের অন্যান্য প্রবিধান মিশিগানের মানুষদের বৈষম্যমূলক আচরণ থেকে রক্ষা করে।

MDCR বৈষম্যের অভিযোগ তদন্ত করার জন্য আইনি অনুমোদনপ্রাপ্ত। অভিযোগ তদন্ত করার সময়, আমরা নিরপেক্ষ থাকি এবং কোনো পক্ষের আইনজীবী বা প্রতিনিধি হিসেবে কাজ করি না।

মিশিগানের আইন যেসব ক্ষেত্রে বৈষম্যকে নিষিদ্ধ করেছে:

কর্মসংস্থান

শিক্ষা

আবাসন

জনসাধারণের জন্য উন্মুক্ত স্থান (যেমন রেস্তোরাঁ, হোটেল, নাট্যশালা, ডাক্তারখানা, খুচরোপণ্যের দোকান এবং আরও অনেক কিছু)

পাবলিক সার্ভিস (যেমন সরকারি এজেন্সি, পাবলিক লাইব্রেরি এবং পার্ক, ইউটিলিটি এবং আরও অনেক কিছু)

আইন প্রয়োগ

আপনার জাতি, ধর্ম, বর্ণ, জাতিগত উৎস, বয়স, লিঙ্গ, প্রতিবন্ধিত্ব, জিনগত তথ্য, বৈবাহিক অবস্থা, পারিবারিক অবস্থা, উচ্চতা, রেকর্ডের কারণে যখন আপনার সঙ্গে অন্যের চেয়ে আলাদা আচরণ করা হয় তখন সেটা বৈষম্য হয়।

বেআইনী বৈষম্যের কিছু উদাহরণ কী কী?

একজন স্টোর ক্লার্ক আপনাকে যদি সেবা না দিয়ে "আপনি যেখান থেকে এসেছেন সেখানে ফিরে যেতে" বলে।

আপনার বস যদি আপনার সহকর্মীদের আপনার জাতি বা জাতিগত উৎসের ওপর ভিত্তি করে আপনাকে হুমকি দেবার বা ভয় দেখানোর সুযোগ দেয়।

একজন রিয়েল এস্টেট এজেন্ট বা ভাড়া সম্পত্তির মালিক যদি অন্যদের কাছে উপলভ্য করা একই সম্পত্তি আপনাকে দেখানো বা বিক্রি করা থেকে বিরত থাকে।

আমার সঙ্গে বৈষম্যমূলক আচরণ করা হলে আমি কী করতে পারি?

আপনার যদি মনে হয় যে আপনি বৈষম্যের শিকার হয়েছেন, তাহলে মিশিগানের নাগরিক অধিকার বিভাগে অনলাইনে যোগাযোগ করুন [Michigan.gov/MDCR](http://Michigan.gov/MDCR) ঠিকানায়, [MDCR-INFO@Michigan.gov](mailto:MDCR-INFO@Michigan.gov) ঠিকানায় আমাদের ইমেইল করুন, অথবা 1-800-482-3604 নম্বরে আমাদের ফোন করুন।

অভিযোগ করার জন্য কি আমাকে যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে?

না, MDCR এ অভিযোগ করার জন্য আপনাকে যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে না। নাগরিক অধিকার আইন মিশিগান স্টেটে থাকাকালীন বৈষম্যের শিকার হওয়া যে কোনো ব্যক্তিকে রক্ষা করে।

অভিযোগ করা কেন গুরুত্বপূর্ণ?

আপনি যদি বৈষম্যের শিকার হন, তাহলে আপনার ন্যায়বিচার চাওয়ার অধিকার আছে। যদি আপনার সঙ্গে বৈষম্য করা হয়ে থাকে, তাহলে আমরা এখন কোনো পদক্ষেপ না নিলে অন্যদের সঙ্গেও বৈষম্যমূলক আচরণ হওয়ার জোরালো সম্ভাবনা রয়েছে। বৈষম্য সম্পর্কে অবগত না হলে আমরা তা বন্ধ করতে পারবো না।

যদি আমাদের তদন্তে দেখা যায় যে বৈষম্য করা হয়েছে, তাহলে আমরা পক্ষসমূহের মধ্যে একটি নিষ্পত্তি অর্জনের চেষ্টা করবো। সফল নিষ্পত্তির ফলে অভিযোগ দায়েরকারী ব্যক্তি আর্থিক এবং অন্যান্য ধরনের ক্ষতিপূরণ পেতে পারেন।

যদি আমি অভিযোগ দায়ের করি, তাহলে সেটা কি গোপন রাখা হবে?

না, তবে আপনি অভিযোগ দায়ের করার কারণে আপনার বিরুদ্ধে প্রতিশোধমূলক ব্যবস্থা নেওয়া হলে তা হবে নাগরিক অধিকার আইনের লঙ্ঘন।

আপনি যদি MDCR বরাবর অভিযোগ দায়ের করেন, তাহলে আমরা তদন্ত করব, যার জন্য আমাদের আপনার দাবি সম্পর্কে অন্যদের সঙ্গে যোগাযোগ করার প্রয়োজন হবে। MDCR-এর ফাইলগুলো তথ্যের স্বাধীনতা আইনের অধীন এবং মামলা সমাধান হওয়ার পরে অন্যদের সরবরাহ করা হতে পারে, তবে কেবল আপনার ব্যক্তিগত তথ্য অপসারণ করার পরেই সেটা করা হবে।

আমাকে অভিযোগ দায়ের করতে সাহায্য করার জন্য আপনাদের কি কোনো দোভাষী আছে?

হ্যাঁ। আপনি আমাদের সঙ্গে যোগাযোগ করলে আমরা একটি পরিষেবা ব্যবহার করি যেটির মাধ্যমে আমরা কলটিতে একজন দোভাষীকে যুক্ত করতে পারি। এরপরে আমরা কোন প্রক্রিয়ায় অগ্রসর হবো তা নির্ধারণ করতে আপনার সঙ্গে কাজ করবো।

বৈষম্য রোধে MDCR কী ভূমিকা রাখে?

নাগরিক অধিকার সম্পর্কিত সমস্যাগুলো মোকাবিলা করতে এবং নাগরিক অধিকার আইনের স্বৈচ্ছান্তিক প্রতিপালনের বিকাশে এবং বৈষম্য হওয়ার আগেই তা প্রতিরোধে অংশীদারিত্ব গড়ে তোলার লক্ষ্যে কমিউনিটি এবং বিশ্বাস-ভিত্তিক সংস্থা, সমর্থক গোষ্ঠী এবং আইন প্রয়োগকারী সংস্থার সঙ্গে MDCR অংশীদার হিসেবে কাজ করে।

MDCR সাংস্কৃতিক যোগ্যতা, হিংসাত্মক ঘটনা, আবাসন বৈষম্য, হয়রানি, প্রতিবন্ধিত্ব, যৌন হয়রানি এবং নাগরিক অধিকার আইনসহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ ও কর্মসূচির ব্যবস্থা করে থাকে।

# আমরা সাহায্য করার জন্য আছি

বৈষম্যের অভিযোগ দায়ের করতে, প্রশিক্ষণ বা উপস্থাপনার সমন্বয় নিশ্চিত করার জন্য, অথবা সুনির্দিষ্ট নাগরিক অধিকার বিষয়ক সমস্যা সম্পর্কিত সহায়তা বা তথ্যের জন্য অনুরোধ করতে অনলাইনে MDCR-এর সঙ্গে যোগাযোগ করুন অথবা [michigan.gov/mdcr](http://michigan.gov/mdcr) ঠিকানা যান, 800-482-3604 নম্বরে ফোনের মাধ্যমে, অথবা [MDCR-INFO@michigan.gov](mailto:INFO@michigan.gov) ঠিকানা ইমেইলের মাধ্যমে যোগাযোগ করুন।

MDCR-এর উদ্যোগসমূহ, অংশীদারিত্ব এবং যেসব উপায়ে আমরা সহায়তা করতে পারি সেগুলো সম্পর্কে আরও তথ্যের জন্য [michigan.gov/mdcr](http://michigan.gov/mdcr) ঠিকানা যান।

আমাদের সঙ্গে সামাজিক যোগাযোগ মাধ্যমে যোগাযোগ করুন:

ফেসবুক: [facebook.com/MIDCR](https://facebook.com/MIDCR)

টুইটার: [@MiCivilRights](https://twitter.com/MiCivilRights)

ইনস্টাগ্রাম: [@MiCivilRights](https://instagram.com/MiCivilRights)